রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৯, ১৯৯৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-৩ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ই আগষ্ট ১৯৯৯/৩রা ভাদ্র ১৪০৬

এস, আর, ও নং ২৪৫-আইন/৯৯—যেহেতু সরকার বগুড়া জেলার সারিয়াকান্দি থানার নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার প্রস্তাব করিয়াছে;

এবং যেহেতু সরকার Declaration and Alteration of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণা করার জন্য পরামর্শ এবং আপত্তি আহবান করিয়া পাবলিক নোটিশ জারী করার জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত মিউনিসিপ্যালিটি ঘোষণার ব্যাপারে ডেপুটি কমিশনারের প্রতিবেদন বিবেচনা করিয়া উক্ত Rules এর rule 4(2) এর অধীন উল্লিখিত শহর এলাকা-সমূহকে মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

অতএব, যেহেতু উক্ত Rules এর rule 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহ সমন্বয়ে আগামী ১৭ই ভাদ্র, ১৪০৬ বাং মোতাবেক ১লা সেপ্টেম্বর, ১৯৯৯ ইং তারিখ হইতে সারিয়াকান্দি মিউনিসিপ্যালিটি গঠনের ঘোষণা করিল :

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল, নং | দাগ নং |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | সারিয়ারান্দি | সারিয়াকান্দি | ১১১ | ০১—৫৭১, ৬০১—৬৩৫, ৬৬৫—৬৬৬, ৬৭৪—৬৯৮, ৭০০, ৮৮১—৮৮৪, ৮৮০। |
| (২) | সারিয়াকান্দি | ধাপ | ৯৪ | ১৩৩, ১৫২, ৪০১—৪০৫, ৪০৮—৪৯৯, ৫১৪—৭৪৫। |
| (৩) | সারিয়াকান্দি | বাগবের | ১১০ | ০১—১০৩, ১১১—১১৩, ২০৪—২৩৩, ২৪৯, ২৫১, ২৫৩। |
| (৪) | সারিয়াকান্দি | বাটিয়া | ৯৭ | ০১—৭০, ১৭৯—১৯১, ১৫৩। |
| (৫) | সারিয়াকান্দি | বাড়ইপাড়া | ১১৩ | ০১—১০৫, ১০৭—২০৩, ২০৫—৬৮৪, ৬৮৫—৭০২। |
| (৬) | সারিয়াকান্দি | হিন্দুকান্দি | ৯৩ | ৬৬, ৭১—৯৬, ১০১, ১৩১—১৩৩, ১৩৬—১৫৭, ১৫৯—১৭৬, ১৯৫, ২০৯—২৩৯, ২৪৮—২৪৯, ২৫২, ২৫৩, ২৫৭—২৯৯, ৩০৭—৩০৯, ৩১২—৩১৪, ৩১৬—৩৩৫, ৩৩৭—৪১৫, ৪২৫—৪২৬, ৪৫২, ৪৫৬—৫০৮। |
| (৭) | নারচী | নারচী | ৮৬ | ৮০২০—৮০২১, ৮০৩৮—৮০৪৩, ৮০৪৬—৮০৬৭, ৮১০৬, ৮১০৮—৮১১২, ৮১১৬—৮১১৯। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুস সাত্তার মিঞা

উপ-সচিব (পৌর)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।